সৃজনশীল বাংলাদেশ

# বাংলাদেশ শিল্পকলা একাডেমি

সেগুনবাগিচা , রমনা, ঢাকা

## জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তন ব্যবহারের নীতিমালা

১. উদ্দেশ্য:

১.১. নিম্নোক্ত উদ্দেশ্য অর্জনের লক্ষে জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তন নির্মাণের উদ্যোগ নেয়া হয়:

১.১.১. সংস্কৃতির সার্বিক উৎসাহ, উন্নয়ন, প্রসার ও বিকাশ;

১.১.২. যথাযথভাবে সংস্কৃতিচর্চার জন্য ক্ষেত্র প্রস্তুতকরণ;

১.১.৩. সংস্কৃতিকর্মীদের জন্য বস্তুগত সুযোগ সুবিধা নিশ্চিতকরণ;

১.১.৪. সংস্কৃতিকর্মীদের সংস্কৃতিচর্চায় অধিকতর উৎসাহ প্রদান;

১.১.৫. জেলার সকল মানুষের মধ্যে সুস্থ সংস্কৃতির বিকাশ ঘটানো;

১.১.৬. জেলার সকল সংস্কৃতিকর্মী এবং তাঁদের সংস্কৃতিকর্মের জন্য পারস্পরিক মতামত বিনিময়সহ একটি মিলনকেন্দ্রস্থল গড়ে তোলা।

২. নীতিমালা:

২.১. জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তন সংস্কৃতি বিকাশের কেন্দ্র হিসেবে ব্যবহৃত হবে। এর পাশাপাশি মিলনায়তন খালি থাকলে নতুন প্রযোজনার কারিগরী মহড়ার জন্য ব্যবহার করা যাবে;

২.২. জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তন বলতে শুধুমাত্র জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনকে বুঝাবে এবং এতে কোন কক্ষ, স্থান অন্তর্ভুক্ত হবেনা;

২.৩. জেলা শিল্পকলা একাডেমির কালচারাল অফিসার মিলনায়তন বরাদ্দের অনুমোদন প্রদান করবেন;

২.৪. সাধারণভাবে প্রতিমাসে ৭দিন জেলা শিল্পকলা একাডেমির নিজস্ব অনুষ্ঠানের জন্য মিলনায়তন সংরক্ষিত থাকবে। বাকি দিনগুলোতে অন্যান্য সাংস্কৃতিক সংগঠন উক্ত মিলনায়তন ব্যবহারের সুযোগ পাবে;

২.৫. মুক্তিযুদ্ধের চেতনা পরিপন্থী, ধর্মীয় অনুভূতিতে আঘাত, অপসংস্কৃতিদুষ্ট এবং নিম্নমানের কোন পরিবেশনা জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে পরিবেশন করা যাবেনা;

২.৬. নতুন প্রযোজনার ক্ষেত্রে আবেদনকারী ব্যক্তি বা সাংস্কৃতিক সংগঠন সাধারণভাবে সর্বোচ্চ ০২ (দুই) দিন (সকাল সন্ধ্যা মিলিয়ে মোট চার শিফ্ট) মিলনায়তন ব্যবহারের সুযোগ পাবে;

২.৭. সাংস্কৃতিক উৎসব আয়োজনের জন্য সাংস্কৃতিক সংগঠন সাধারণভাবে সর্বোচ্চ ০৭ (সাত) দিন জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তন ব্যবহারের সুযোগ পাবে;

২.৮. নতুন প্রযোজনা/ অনুষ্ঠানের ক্ষেত্রে মিলনায়তন বরাদ্দের আবেদনপত্রের সঙ্গে আবেদনকারী নাট্যদল বা সংগঠন তাদের মঞ্চায়িত নাটক বা অনুষ্ঠানের এক কপি পান্ডুলিপি জেলা শিল্পকলা একাডেমির আর্কাইভে সংরক্ষণের জন্য জমা দিবেন;

২.৯. জেলা শিল্পকলা একাডেমির মিলনায়তন ভাড়া গ্রহণকারী সংগঠন সকালের শিফটে প্রযোজনা বা অনুষ্ঠানের জন্য সকাল ১০টা থেকে দুপুর ২টা এবং সন্ধ্যায় প্রযোজনা বা অনুষ্ঠান মঞ্চায়নের জন্য বিকেল ৪টা থেকে রাত ৯টা পর্যন্ত এই মিলনায়তন ব্যবহার করতে পারবে। যেদিন সকালের শিফ্ট প্রযোজনা বা অনুষ্ঠান থাকবেনা, সেদিন প্রয়োজনে বিকালের শিফটে প্রযোজনা বা অনুষ্ঠান পরিবেশনকারী সংগঠনের অনুকূলে বিশেষ বিবেচনায় দুপুর ৩টা থেকে মিলনায়তন ব্যবহারের অনুমতি দেয়া যেতে পারে;

২.১০. লভ্য সুবিধাদির মধ্যে শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা, শব্দ ও আলোক ব্যবস্থা, পর্দা সামগ্রী ও অগ্নিনির্বাপণ ব্যবস্থাসহ (যদি জেলা শিল্পকলা একাডেমির থাকে) কারিগরী সকল বিষয়াদি হল ব্যবহারকারী সংগঠনের চাহিদা অনুসারে একাডেমির সংশ্লিষ্ট জনবলের তত্ত্বাবধানে নিয়ন্ত্রিত ও পরিচালিত হবে;

২.১১. মিলনায়তন ব্যবহারকারী সংগঠনকে মিলনায়তনে স্থাপিত শব্দ ও আলোক সরঞ্জামাদির যথাযথ ব্যবহার করেই তাঁদের নাটক বা অনুষ্ঠান পরিবেশন করতে হবে। যদি জেলা শিল্পকলা একাডেমির শব্দ বা আলোক সরঞ্জামাদি যথেষ্ট পরিমাণ না থাকে তাহলে কালচারাল অফিসারের অনুমতিক্রমে বাইরে থেকে ভাড়া করে এনে মিলনায়তনে ব্যবহার করা যাবে;

২.১২. মিলনায়তন বরাদ্দপ্রাপ্ত সংগঠনকে মিলনায়তন ব্যবহারের কমপক্ষে এক সপ্তাহ পূর্বে অনুষ্ঠানের ধরন ও প্রয়োজনীয় কারিগরী চাহিদা সম্পর্কে কালচারাল অফিসারকে অবহিত করতে হবে;

২.১৩. একাডেমির নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে বিদ্যুৎ বিভ্রাট, শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা (যদি থাকে) বা আলোক ও শব্দ (যদি থাকে) ব্যবস্থার কোন সমস্যা দেখা দিলে একাডেমি কর্তৃপক্ষ দায়ী থাকবে না;

২.১৪. মিলনায়তন বরাদ্দ প্রাপ্ত সংগঠনকে অনুষ্ঠান শেষ হবার সাথে সাথেই প্রযোজনার প্রয়োজনে সঙ্গে আনা সেট ও প্রপ্‌সসহ সকল মালামাল মিলনায়তন থেকে সরিয়ে নিয়ে যেতে হবে। কোন অবস্থাতেই এই সব দ্রব্যাদি হলের ভিতর বা একাডেমি কোন স্থানে সংরক্ষণ করা যাবে না;

২.১৫. মিলনায়তন ব্যবহারকারী সংগঠন আহারের জন্য নির্ধারিত স্থান ব্যতিত একাডেমির কোন স্থান ব্যবহার করতে পারবেনা। মিলনায়তনে মাদকদ্রব্য সেবন এবং মদ্যপান সম্পূর্ণ নিষিদ্ধ;

২.১৬. মিলনায়তন ব্যবহারকারী সংগঠন কর্তৃক পরিবেশিত অনুষ্ঠান যদি অসামাজিক, অশালীন কিংবা আপত্তিকর বা উত্তেজনাকর বলে একাডেমির নিকট বিবেচিত হয়, তাহলে একাডেমি কর্তৃপক্ষ যে কোন সময় তাৎক্ষণিকভাবে অনুষ্ঠান বন্ধসহ মিলনায়তন ব্যবহারের অনুমতি বাতিল করতে পারবে এবং এরূপ ক্ষেত্রে প্রয়োজনে মিলনায়তন ব্যবহারকারী সংগঠনের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে এবং ভবিষ্যতে উক্ত সংগঠন এই মিলনায়তন ব্যবহারের অযোগ্য বলে বিবেচিত হবে;

২.১৭. মিলনায়তন ব্যবহারকারী সংগঠন কর্তৃক জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তন ব্যবহারকালে কোন কিছু বা কোন অংশের ক্ষতিসাধিত হলে, ভাড়াগ্রহীতা ৭দিনের মধ্যে ক্ষতি পূরণ করতে বাধ্য থাকবে। অন্যথায় সংশ্লিষ্ট সংগঠনের বিরুদ্ধে একাডেমি কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে;

২.১৮. মিলনায়তন ব্যবহারের ক্ষেত্রে কোন সংগঠন কর্তৃক অশোভন বা অসহিষ্ণু মনোভাবের প্রকাশ ঘটালে পরবর্তীকালে উক্ত সংগঠনের অনুকূলে মিলনায়তন বরাদ্দ বিরত রাখা হবে;

২.১৯. মিলনায়তন বরাদ্দ নিয়ে কোন অবস্থাতেই সেখানে কোন প্রকার স্কুল, বিশেষ কোর্স কিংবা সাংগঠনিক কর্মকাণ্ড পরিচালনা করা যাবেনা;

২.২০. প্রয়োজনবোধে জেলা শিল্পকলা একাডেমির প্রস্তাবনায় বাংলাদেশ শিল্পকলা একাডেমীর পরিষদের অনুমোদনক্রমে মিলনায়তন ব্যবহার নীতিমালা সংশোধন, সংযোজন বা পরিমার্জন করতে পারবে।

## ৩. জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তন ভাড়ার হার:

৩.১.১. মিলনায়তনে নিয়মিত অনুষ্ঠান পরিবেশনকারী সংগঠনের জন্য প্রতি শিফটের মিলনায়তন ভাড়া ২০০ আসন পর্যন্ত ১০০০/- (এক হাজার) টাকা, ২০০-৫০০ আসন পর্যন্ত ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা, ৫০০-১০০০ আসন পর্যন্ত ২৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা। ভাড়া গ্রহণকারী সংগঠনকে এর অতিরিক্ত প্রযোজ্য হারে ভ্যাট এবং ৫০০/- (পাঁচশত) টাকা রক্ষণাবেক্ষণ এর জন্য প্রদান করতে হবে। তবে জেলা শিল্পকলা একাডেমির মিলনায়তনে শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা থাকলে স্থানীয় বিদ্যুৎ বিল অনুযায়ী শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থার বিল পরিশোধ করতে হবে;

৩.১.২. সাংস্কৃতিক সংগঠন ব্যতীত অন্যকোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে প্রতি শিফটের মিলনায়তন ভাড়া ২০০ আসন পর্যন্ত ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ২০০-৫০০ আসন পর্যন্ত ৮,০০০/- (আট হাজার) টাকা, ৫০০-১০০০ আসন পর্যন্ত ১৫,০০০/- (পনের হাজার) টাকা প্রদান করতে হবে। ভাড়া গ্রহণকারী সংগঠনকে এর অতিরিক্ত প্রযোজ্য হারে ভ্যাট এবং ৫০০/- (পাঁচশত) টাকা রক্ষণাবেক্ষণ এর জন্য প্রদান করতে হবে। জেলা শিল্পকলা একাডেমির মিলনায়তনে শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা থাকলে স্থানীয় বিদ্যুৎ বিল অনুযায়ী শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থার বিল পরিশোধ করতে হবে;

৩.২. মিলনায়তন ব্যবহারের ক্ষেত্রে নিয়মিত সাংস্কৃতিক প্রতিষ্ঠানকে জামানত বাবদ ২,০০০/- (দুই হাজার) টাকা এবং সাংস্কৃতিক সংগঠন ব্যতিত অন্যকোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের ক্ষেত্রে ৩,০০০/- (তিন হাজার) টাকা জেলা শিল্পকলা একাডেমির অনুকূলে জমা দিতে হবে;

৩.৩. নিয়মিতভাবে মিলনায়তন ব্যবহারকারী সংগঠনকে জামানতের নির্ধারিত টাকা একবার প্রদান করলেই চলবে। তবে জামানতের অর্থ সংশ্লিষ্ট সংগঠন কর্তৃক ফেরত নেওয়া হলে উক্ত সংগঠনকে পুনরায় মিলনায়তন বরাদ্দ নেয়ার সময় জামানতের অর্থ জমা দিতে হবে।

## ৪. আবেদনের নিয়মাবলী:

৪.১. মিলনায়তন ব্যবহারে আগ্রহী সাংস্কৃতিক সংগঠন নির্ধারিত সময়ের মধ্যে মিলনায়তন ব্যবহারের অনুমতির জন্য নির্ধারিত আবেদনপত্রে জেলা শিল্পকলা একাডেমির কালচারাল অফিসার বরাবরে আবেদন করতে হবে;

৪.২. নির্ধারিত ফরমে মিলনায়তন বরাদ্দের আবেদন করতে হবে এবং উক্ত ফরমে কার্যনির্বাহী কমিটি/ এডহক কমিটির সুপারিশক্রমে কালচারাল অফিসার মিলনায়তন ব্যবহারের প্রাথমিক বরাদ্দপত্র প্রদান করবে;

৪.৩. প্রাথমিক বরাদ্দপত্র প্রাপ্তির তিন দিনের মধ্যে আবেদনকারী সংগঠনকে অফিস চলাকালীন সময়ে মিলনায়তন ভাড়া বাবদ নির্ধারিত অর্থ, প্রযোজ্য ভ্যাট এবং জামানত বাবদ দেয় অর্থ জেলা শিল্পকলা একাডেমির ব্যাংক একাউন্টে (মিলনায়তন বরাদ্দ) জমা দিতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে নির্ধারিত অর্থ জমা দিতে ব্যর্থ হলে প্রাথমিক বরাদ্দপ্রাপ্ত সংগঠনের অনুকূলে মিলনায়তন সংরক্ষণের নিশ্চয়তা থাকবেনা;

৪.৪. নির্ধারিত সময়ের মধ্যে ভ্যাটসহ মিলনায়তন ভাড়া ও প্রযোজ্য ক্ষেত্রে জামানতের অর্থ প্রাপ্তির পর একাডেমির কালচারাল অফিসার সংশ্লিষ্ট সংগঠনকে মিলনায়তন ব্যবহারের চূড়ান্ত অনুমতি পত্র প্রদান করবেন;

৪.৫. চূড়ান্ত অনুমতি পত্র না পাওয়া পর্যন্ত আবেদনকারী সংগঠন মিলনায়তন ব্যবহার করতে পারবে না;

৪.৬. ভাড়া গ্রহণকারী সংগঠন মিলনায়তন বরাদ্দের নির্ধারিত তারিখের কমপক্ষে ৭ (সাত) দিন পূর্বে বরাদ্দের তারিখ পরিবর্তনের আবেদন জানালে মিলনায়তন খালি থাকা বা হওয়া সাপেক্ষে তারিখ পরিবর্তন করা যেতে পারে;

৪.৭. চূড়ান্ত অনুমতিপত্র পাবার পর কোন কারণে মিলনায়তন ভাড়া গ্রহীতা, বরাদ্দের নির্ধারিত তারিখের তিনদিন পূর্বে বরাদ্দ বাতিল করার আবেদন জানালে ভাড়ার ১০%, দুই দিন পূর্বে আবেদন জানালে ভাড়ার ২৫%, এক দিন পূর্বে জানালে ৫০% অর্থ কর্তন এবং মিলনায়তন বরাদ্দের নির্ধারিত তারিখে জানালে জমা দেয়া অর্থের ৮০% বাজেয়াপ্ত হবে;

৪.৮. এক ব্যক্তি/ সংগঠনের নামে বরাদ্দকৃত মিলনায়তন অন্যকোন ব্যক্তি/ সংগঠন ব্যবহার করতে পারবে না;

৪.৯. মিলনায়তন ভাড়া গ্রহণকারীর এখতিয়ার বহির্ভূত কোন দৈব দুর্বিপাক, রাজনৈতিক বা সামাজিক অচলাবস্থা ইত্যাদি কারণে নির্ধারিত দিন ও সময়ে অনুষ্ঠান পরিবেশন করা সম্ভবপর না হলে ভাড়াগ্রহিতা তার প্রদত্ত ভাড়া ফেরৎ প্রদান অথবা ভাড়াগ্রহিতার আবেদন অনুযায়ী মিলনায়তন খালি থাকা সাপেক্ষে অন্য কোন দিন বরাদ্দ প্রদান করা যেতে পারে;

৪.১০. মিলনায়তন ভাড়া গ্রহণকারী কর্তৃক মিলনায়তন বা একাডেমির কোন অংশের তথা কোন কিছুর ক্ষতিসাধিত না হলে ভাড়া গ্রহণকারী কর্তৃক জামানতের অর্থ ফেরৎ প্রদানের আবেদনের ৭(সাত) কার্যদিবসের মধ্যে জামানতের অর্থ চেকের মাধ্যমে ফেরত দেওয়া হবে;

৪.১১. মিলনায়তন বরাদ্দ গ্রহণকারী সংগঠনের নিজস্ব সেট, প্রপ্‌স্‌ ও কস্টিউম ভিন্ন বিশেষ প্রয়োজনে অন্যকোন দ্রব্যসামগ্রী মিলনায়তনের অভ্যন্তরে আনতে হলে এবং বাইরে নিতে হলে জেলা শিল্পকলা একাডেমির কালচারাল অফিসারের অনুমতি গ্রহণ করতে হবে এবং অনুষ্ঠান শেষে ঐসব দ্রব্যসামগ্রী মিলনায়তনের বাইরে নেবার সময় কর্তৃপক্ষ কর্তৃক দেয় গেট পাশের প্রয়োজন হবে;

৪.১২. জেলা শিল্পকলা একাডেমী অথবা রাষ্ট্রীয় প্রয়োজনে যে কোন সময় বরাদ্দ বাতিল করার ক্ষমতা একাডেমি কর্তৃপক্ষ সংরক্ষণ করে। সে ক্ষেত্রে আয়োজক প্রতিষ্ঠান জমাকৃত সকল অর্থ ফেরৎ পাবেন।

৪.১৩. বাংলাদেশ শিল্পকলা একাডেমি বা সংশ্লিষ্ট জেলা শিল্পকলা একাডেমির সাথে যৌথভাবে অথবা সহযোগিতায় অনুষ্ঠান আয়োজিত হলে ভাড়া দিতে হবে না।

সংযুক্তি ঃ বরাদ্দের আবেদনের ফরম।

বাংলাদেশ শিল্পকলা একাডেমী পরিষদের ১০৯তম সভার অনুমোদনক্রমে

লিয়াকত আলী লাকী
মহাপরিচালক
বাংলাদেশ শিল্পকলা একাডেমি

সৃজনশীল বাংলাদেশ

# জেলা শিল্পকলা একাডেমি

.........................................................

## জেলা শিল্পকলা একাডেমির মিলনায়তন বরাদ্দের আবেদন ফরম

| | | | |
|---|---|---|---|
| ১. | আবেদনকারী সংগঠনের নাম | ঃ | ------------------------------------ |
| ২. | ঠিকানা | ঃ | ------------------------------------ |
| | | ঃ | ------------------------------------ |
| ৩. | টেলিফোন/ মোবাইল ও ইমেইল নাম্বার | ঃ | ------------------------------------ |
| ৪. | সংগঠন প্রধানের নাম | ঃ | ------------------------------------ |
| | পদবী | ঃ | ------------------------------------ |
| | ঠিকানা | ঃ | ------------------------------------ |
| | | ঃ | ------------------------------------ |
| | টেলিফোন/ মোবাইল ও ইমেইল নাম্বার | ঃ | ------------------------------------ |
| ৫. | পরিবেশিতব্য অনুষ্ঠান | ঃ | ------------------------------------ |
| ৬. | অনুষ্ঠানের ব্যাপ্তিকাল | ঃ | ------------------------------------ |
| ৭. | অনুষ্ঠান পরিবেশনের তারিখ | ঃ | ------------------------------------ |
| ৮. | শিফ্‌ট | ঃ | প্রথম শিফ্‌ট ঃ সকাল ১০টা হইতে ২টা পর্যন্ত । / দ্বিতীয় শিফ্‌ট ঃ বিকেল ৪টা হইতে রাত ৯টা পর্যন্ত । |

কালচারাল অফিসার
জেলা শিল্পকলা একাডেমি
..............................

জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে আমাদের অনুষ্ঠান করার জন্য সংশ্লিষ্ট আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে জমা দেয়া হলো। মিলনায়তন বরাদ্দ নীতিমালার আলোকে এ মর্মে অঙ্গীকার করছি যে, আবেদনপত্রে উল্লিখিত সকল বিষয় ও তথ্য সম্পূর্ণ সত্য। উপস্থাপিত বিষয় ও তথ্য ছাড়া অন্য কোন বিষয় বা তথ্য জেলা শিল্পকলা একাডেমি কর্তৃপক্ষ জানতে চাইলে তা জানাতে এবং মিলনায়তন ব্যবহারের সকল শর্ত মানতে বাধ্য থাকবো।

আবেদন ফরমে প্রদত্ত তথ্যের আলোকে উক্ত মিলনায়তন আমাদের প্রতিষ্ঠানের অনুকূলে বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ জানাচ্ছি।

| | | |
|---|---|---|
| সংগঠন প্রধান/ পক্ষে স্বাক্ষর | ঃ | ------------------------ |
| নাম | ঃ | ------------------------ |
| পদবী | ঃ | ------------------------ |
| মোবাইল | ঃ | ------------------------ |
| তারিখ | ঃ | ------------------------ |